গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালাই, জয়পুরহাট।
kalai.joypurhat.gov.bd

১৯ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ

স্মারকনং : ০৫.৪৩.৩৮৫৮.০০০.০১.০০৮.২১-৫৯৪

তারিখ : --------------------------

০৩ আগস্ট, ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর মূল শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রমে সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারী পদে নিয়োগের লক্ষে নিম্নবর্নিত শর্তে শুধুমাত্র কালাই উপজেলায় স্থায়ী ভাবে বসবাসকারী বেকার যুবক/যুবমহিলাগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র.নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১	সুপারভাইজার	প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন	১.ন্যূনতম উচ্চ মাধ্যমিক পাশ /সমমান হতে হবে, তবে স্নাতক উত্তীর্ণদের অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে। ২.নিজস্ব এন্ড্রয়েড মোবাইল/স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩.উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।
০২	তথ্যসংগ্রহকারী	প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন।	১.ন্যূনতম উচ্চমাধ্যমিক পাশ /সমমান হতে হবে। ২.নিজস্ব এন্ড্রয়েড মোবাইল/স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩.উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে তথ্যসংগ্রহকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।

বি.দ্র: উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপির বর্ণনা অনুযায়ী। তবে ডিপিপি সংশোধিত হলে জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এ ধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

<u>শর্তাবলীঃ</u>

১. উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েব সাইট (bbs.kalai.joypurhat.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (www.bbs.joypurhat.gov.bd) থেকে ও সংগ্রহ করা যাবে।

২. শুমারি তথ্য সংগ্রহ কার্যক্রমে তথ্যসংগ্রহকারীগণ ৭ (সাত) দিনে (২৫ অক্টোবর, ২০২১-৩১ অক্টোবর, ২০২১) গড়ে ১০০-১২০ টিখানার অথবা জোনাল অফিসার কর্তৃক নির্ধারিত তথ্য সংগ্রহ করবে এবং **শুমারি সপ্তাহের পূর্ববর্তী ২ (দুই) দিন সংশ্লিষ্ট গণনা এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক সকল খানা তালিকাভুক্ত করবে।**

৩. শুমারির তথ্য সংগ্রহ Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। বিধায় এন্ড্রয়েড মোবাইল/স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবে।

৪. সুপারভাইজার/তথ্যসংগ্রহকারীগণ আবশ্যিকভাবে নিজস্ব এন্ড্রয়েড মোবাইল/স্মার্টফোন ব্যবহার করে ই-ট্রেনিং এ অংশগ্রহণ করবে।

৫. ই-ট্রেনিং-এ সফল হলেই কেবল শুমারিতে তথ্য সংগ্রহ ও তদারকি কাজে সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারী হিসেবে চুড়ান্তভাবে মনোনয়ন প্রদান করা হবে।

৬. শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেনা।

৭. ভুল বা অসম্পূর্ন আবেদন বাতিল বলে গণ্য হবে। **একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।**

৮. সকল পদের আবেদন ফরম বদ্ধ খামের উপর ডানপার্শ্বে পদের নাম উল্লেখপূর্বক আগামী ১২-০৮-২০২১ খ্রি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নির্ধারিত স্থানে সরাসরি অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।

৯. মৌখিক পরীক্ষার সময় অবশ্যই নিজস্ব এন্ড্রয়েড মোবাইল/স্মার্টফোন ও সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।

১০. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ. ডিএ প্রদান করা হবে না।

১১. প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাটে (bbs.kalai.joypurhat.gov.bd) প্রকাশ করা হবে।

১২. ই ট্রেনিং শেষে শুমারির জন্য চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাটে (bbs.kalai.joypurhat.gov.bd) প্রকাশ করা হবে।

১৩. নির্বাচিত প্রার্থী মূল শুমারির প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষনিকভাবে বাতিল বলে গণ্য হবে।

১৪. শুমারি চলাকালীন সময়ে কর্তৃপক্ষের নিদের্শনা অনুযায়ী কার্যক্রম সম্পাদন করবেন, অন্যথায় তাকে কার্যক্রম থেকে বাতিল করা হবে।

১৫. ইতোপূর্বে লিস্টিং অপারেশনের জন্য নির্বাচিত প্রার্থীদের নতুনকরে আবেদন করতে হবেনা।

১৬. শুমারির জন্য চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের মোবাইল ব্যাংকিং হিসাব (বিকাশ একাউন্ট নম্বর) সচল রাখা বাধ্যতামূলক।

১৭. এ নিয়োগটি শুধুমাত্র শুমারি কার্যক্রম চলমান সময় পর্যন্ত বলবৎ থাকবে এবং শুমারি কার্যক্রম শেষ হওয়ার পর থেকে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১৮. নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯/০৮/২০২১

টুকটুক তালুকদার
উপজেলা নির্বাহী অফিসার
কালাই, জয়পুরহাট।
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
কালাই, জয়পুরহাট।

বিতরণ:সদয় জ্ঞাপনে/কার্যার্থে।

১। প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প।
২। জেলা প্রশাসক,জয়পুরহাট।
৩। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কালাই,জয়পুরহাট।
৪। মেয়র, কালাই পৌরসভা।
৫। উপ পরিচালক,বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো,জয়পুরহাট।
৬। চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ,কালাই,জয়পুরহাট (তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৭। উপজেলা পরিসংখ্যান অফিসার কালাই, জয়পুরহাট।
৮। অফিস কপি।

টুকটুক তালুকদার
উপজেলা নির্বাহী অফিসার
কালাই, জয়পুরহাট।